দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT 01 2006 ...
পৃঃ ৭ কলাম : ৬

বৃটেনের সহায়তা কর্মসূচী

# শিক্ষা ও অবকাঠামো উন্নয়নে বাংলাদে
# সর্বোচ্চ অগ্রাধিকার পাবে : বৃটিশ মন্ত্রী

বিশেষ সংবাদদাতা

যুক্তরাজ্য বাংলাদেশে শিক্ষা ও অবকাঠামো উন্নয়নে তার সাহায্য বৃদ্ধি করবে। সারা বিশ্বে শিক্ষার উন্নয়নে যুক্তরাজ্য আগামী ১০ বছরে ১৫শ' কোটি ডলারের যে সহায়তা কর্মসূচী গ্রহণ করেছে তাতে বাংলাদেশকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে বলে জানিয়েছেন সফররত বৃটিশ মন্ত্রী স্টিফেন টিমস এমপি। স্টিফেন টিমস গতকালই ৪ দিনের সফরে বাংলাদেশে আসেন। গতকাল তিনি মিরপুরে সরকারী ও বেসরকারী খাতে তাদের সাহায্যপুষ্ট কয়েকটি



স্টিফেন টিমস

বিদ্যালয় পরিদর্শনকালে উ
কথা বলেন। তিনি মিরপুর
উচ্চ বিদ্যালয় এবং মুকুল
ব্র্যাক স্কুল পরিদর্শন করে
প্রকাশ করেন।
বৃটেনের কেবিনেট মন্ত্রী
টিমস বলেন, যুক্তরাজ্য
বছরে বাংলাদেশে শিক্ষার
সহায়তা ৫০ ভাগ বৃদ্ধি ক
আগামী বছরে এই স
পরিমাণ বেড়ে দ্বিগুণ হবে
বলেন, যুক্তরাজ্যে বাংলাদেশে ছেলে
মেয়ে হোক প্রতিটি শিশুর জন্য শিক্ষা
করতে আগ্রহী। তিনি জানান, যেস
ক্ষুধার

২-এর পৃঃ ৮-এর কঃ

## বৃটেনের সহায়তা কর্মসূ

প্রথম পৃষ্ঠার পর

তাড়নায় স্কুল ছেড়ে চলে যায়, সেই শিক্ষা বি
শিশুদের জন্য বিশেষ প্রকল্প গ্রহণ করা হ
তিনি বলেন, বাংলাদেশের ৩৫ ভাগ
খাদ্যের তাড়নায় স্কুল ছেড়ে যেতে বাধ্য হ
এসব শিশুর শিক্ষার জন্য তাদের খাদ্য নিরা
নিশ্চিত করতে হবে। তিনি শিশুদের পুষ্টিমা
বিষয়টির উপরও গুরুত্বারোপ করেন।
স্টিফেন বাংলাদেশে শিক্ষার মানোন্নয়নে শি
প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করে বে
বাংলাদেশে শিক্ষাখাতে যথেষ্ট উন্নতি হ
তবে উন্নত বিশ্বের সাথে তুলনামূ
প্রতিযোগিতায় শিক্ষার মানের আরো উ
প্রয়োজন। তিনি বলেন, যুক্তরাজ্য ইতি
বাংলাদেশের প্রাথমিক শিক্ষার উন্নয়নে
কোটি পাউন্ড সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছে।
আওতায় আগামী ২০০৯ সাল পর্যন্ত ৩০ হা
শ্রেণীকক্ষ নির্মাণ ও ১৪ হাজার শিক্ষক নি
দেয়া হবে। স্টিফেন জানান, বাংলাদে
মাধ্যমিক শিক্ষাখাতে যুক্তরাজ্য সরকারের
হাজার কোটি টাকার সহায়তা দ্বিগুণ ক
কর্মকৌশল নির্ধারণ করা হবে বলে জানান।
গতকাল মিরপুরের বিভিন্ন বিদ্যা
পরিদর্শনকালে বৃটিশ মন্ত্রীর সাথে শিক্ষামন্ত্রী
এম ওসমান ফারুক এবং বাংলাদেশে নি
বৃটিশ হাইকমিশনার আনোয়ার চৌধুরী উপ
ছিলেন পূর্ব-লন্ডনের বাঙালী অধ্যুষিত এল
থেকে নির্বাচিত এমপি স্টিফেন টি
বাংলাদেশের ব্যাপারে বরাবরই খুবই আগ্র
এ সফরে তিনি আজ মানিকগঞ্জে
আগামীকাল সিরাজগঞ্জে চর উন্নয়নে তা
সাহায্যপুষ্ট বিভিন্ন প্রকল্প পরিদর্শন করে
এছাড়া তিনি সিলেট সফরেও যাবেন।
বৃটিশমন্ত্রী প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নে
অর্থমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং বাংলাদেশ ব্যাং
গভর্ণরের সাথেও বৈঠক করবেন।
উল্লেখ্য, যুক্তরাজ্য বাংলাদেশে শিক্ষার উন্ন
২০০৪ সালে ১৬ কোটি ডলার, ২০০৫
২৫ কোটি ডলার সাহায্য দিয়েছে। চ
২০০৬ সালে এ সাহায্যের পরিমাণ দ্বিগুণ
৫০ কোটি ডলার হবে।